

Telephone conversation between Prime Minister and Prime Minister of Thailand

May 01, 2020

মাননীয় প্রধানমন্ত্রী এবং থাইল্যান্ডের প্রধানমন্ত্রীর মধ্যে টেলিফোনে বাক্যালাপ মে 01,2020

মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ থাইল্যান্ডের প্রধানমন্ত্রী মহামান্য জেনারেল (আরইটি) প্রায়ুত চান-ও-চা এর সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন।

মাননীয় প্রধানমন্ত্রী 2019 সালের নভেম্বর মাসে আসিয়ান(ASEAN) এবং প্রাসঙ্গিক শীর্ষ সম্মেলনে উপস্থিত থাকার জন্য তার ব্যাপক সফরের উষ্ণ স্মৃতিচারণা করেছেন এবং থাইল্যান্ডের রাজ পরিবার এবং থাই জনগণকে তার অভিনন্দন জানিয়েছেন।

কোভিড-19 অতিমারির মোকাবিলায় তাদের রাষ্ট্র দুটি কি কি পদক্ষেপ নিয়েছে তা নিয়ে দুই নেতা তথ্য বিনিময় করেছেন।

অতিমারির বিরুদ্ধে কার্যকরীভাবে লড়াই করতে আঞ্চলিক ও আর্ন্তজাতিক সহযোগিতার গুরুত্বের কথা মাননীয় প্রধানমন্ত্রী বলেছেন। থাইল্যান্ডের ওষুধ সম্পর্কিত প্রয়োজনে সাহায্য করা সম্পর্কে ভারতের অঙ্গীকারের বিষয়ে তিনি থাই প্রধানমন্ত্রীকে আশ্বস্ত করেছেন।

দুই দেশের গবেষক, বিজ্ঞানী ও উদ্ভাবকদের মধ্যে বৃহত্তর সহযোগিতা কাম্য বলে দুই নেতা সহমত হয়েছেন।

এক দেশের চৌহদ্দিতে থাকা অন্য দেশের নাগরিকদের প্রতি সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ার জন্য দুই নেতাই একে অপরের প্রশংসা করেছেন এবং এই ধরনের সমর্থনের ধারাবাহিকতার ব্যাপারে প্রতিশ্রুতি দিয়েছেন।

প্রসারিত প্রতিবেশী নীতির পরিপ্রেক্ষিতে থাইল্যান্ড ভারতের গুরুত্বপূর্ণ সমুদ্র তীরবর্তী অংশীদার যার সাথে জাতিগত এবং প্রাচীন সাংস্কৃতিক যোগ বর্তমান।

নিউ দিল্লি

মে 01,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.